DEC. -3 2000

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৬

77

রাষ্ট্রপতির কাছে আবেদন

## শিক্ষা প্রতিষ্ঠানে সৃজনশীল বই সরবরাহের বিরুদ্ধে চক্রান্ত রোধে পদক্ষেপ নিন

নিজস্ব বার্তা পরিবেশক ঃ সরকারি-বেসরকারি মহাবিদ্যালয়ের শিক্ষার্থীদের সৃজনশীল বই সরবরাহে সরকার গৃহীত সাম্প্রতিক পদক্ষেপ প্রকাশনা ক্ষেত্রে যে বিপুল উজ্জীবন সঞ্চার করেছে নিজেদের হীনস্বার্থে কতিপয় দুর্নীতিগ্রস্ত পুস্তক

বই ঃ পৃঃ ২ কঃ ১

### বই ঃ চক্রান্ত

( ১ম পৃষ্ঠার পর )

সরবরাহকারী তা নস্যাৎ করতে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করেছে বলে উল্লেখ করে বাংলাদেশ সৃজনশীল প্রকাশক পরিষদের সভাপতি মফিদুল হক এবং নির্বাহী পরিচালক মজিবর রহমান খোকা রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের কাছে প্রেরিত এক আবেদনপত্রে এই চক্রান্ত রোধ করার জন্য তার সহৃদয় ও ন্যায়সঙ্গত ভূমিকা রাখার কামনা করেছেন।

এ প্রসঙ্গে তারা '৯৮-৯৯ এবং '৯৯-২০০০ সালে সাফল্যের সাথে শিক্ষা মন্ত্রণালয়ের নির্বাচিত বই সরবরাহের কথা উল্লেখ করেন।

এতে সৃজনশীর প্রকাশক ছাড়াও প্রকাশনা খাতের সাথে জড়িত লেখক, শিল্পী, মুদ্রণবিদ ও শ্রমিক, কাগজ ব্যবসায়ী, কম্পিউটার শিল্প প্রতিষ্ঠান, বাঁধাইকারক লাভবান হয়েছে বলে আবেদনপত্রে উল্লেখ করা হয়।